

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৯৪) রাসূলদের মধ্যে উলুল আক্ম (সুদৃঢ় ইচ্ছাশক্তি সম্পন্ন) কতজন?

উত্তরঃ রাসূলদের মধ্যে হতে উলুল আযম হচ্ছেন পাঁচজন। আল্লাহ্ তা'আলা তাদের কথা পৃথকভাবে কুরআন মাজীদের দুই স্থানে উল্লেখ করেছেন।

প্রথম স্থানটি হল সূরা আহ্যাবের ৭নং আয়াত। আল্লাহ তা'আলা বলেনঃ

"স্মরণ করুন সেই সময়ের কথা, যখন আমি নবীদের নিকট থেকে অঙ্গীকার গ্রহণ করেছিলাম এবং আপনার নিকট থেকে, নূহ, ইবরাহীম, মুসা ও ঈসা ইবনে মারইয়ামের নিকট থেকেও"। (সূরা আহ্যাবঃ ৭) আর দ্বিতীয় স্থানটি হল সূরা শুরার ৬৩নং আয়াত। আল্লাহ তাআ'লা বলেনঃ

شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَنَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَنَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلاَ تَتَفَرَّقُوا فِيهِ

"তিনি তোমাদের জন্যে দ্বীনের ক্ষেত্রে সে পথই নির্ধারণ করেছেন, যার আদেশ দিয়েছিলেন নূহকে এবং যা আমি অহী করেছি আপনার প্রতি এবং যার আদেশ দিয়েছিলাম ইবরাহীম, মুসা ও ঈসার প্রতি এ মর্মে যে, তোমরা দ্বীন প্রতিষ্ঠিত কর এবং তাতে মতভেদ সৃষ্টি করো না"। (সুরা শুরাঃ ১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11908

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন